

# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৩৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩০]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৫৫ : গীবতে [পরচর্চায়] অংশগ্রহণ করা হারাম। যার নিকট গীবত করা হয় তার উচিত গীবতকারীর তীব্র প্রতিবাদ করা এবং তার সমর্থন না করা। আর তাতে সক্ষম না হলে স□ম্ভব হলে উক্ত সভা ত্যাগ করে চলে যাওয়া

(255) بَابُ تَحْرِيْمِ سِمَاعِ الْغِيْبَةِ وَأَمْرِ مَنْ سَمِعَ غِيْبَةً مُحَرَّمَةً بِرَدِّهَا، وَالْإِنْكَارِ عَلَى قَائِلِهَافَإِنْ عَجِزَ أَوْ لَمْ يَقْبَلْ مِنْهُ فَارَقَ ذَٰلِكَ الْمَجْلِسَ إِنْ أَمْكَنَهُ

### আরবী

وَعَنْ كَعْبِ بِنِ مَالِكِ رضي الله عنه فِي حَدِيثِهِ الطَّويلِ فِي قِصَّةِ تَوْبَتِهِ وَقَدْ سَبَقَ فِي بَابِ التَّوبَةِ. قَالَ: قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَهُو جَالِسٌ فِي القومِ بِتَبُوكَ: «مَا فَعَلَ كَعْبُ بِنُ مَالِكِ ؟» فَقَالَ رَجُلٌ مِنْ بَنِي سَلِمَةَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم! حَبَسَهُ بُرْدَاهُ وَالنَّظَرُ فِي عِطْفَيْهِ. فَقَالَ لَهُ مُعاذُ بِنُ جَبَلٍ: بِنِسَ مَا قُلْتَ، وَاللهِ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم اللهِ عليه وسلم مَا عَلِمنَا عَلَيْهِ إِلاَّ خَيْراً، فَسَكَتَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم مَا عَلِمنَا عَلَيْهِ إِلاَّ خَيْراً، فَسَكَتَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم مَا عَلِمنَا عَلَيْهِ إِلاَّ خَيْراً، فَسَكَتَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم. متفقٌ عَلَيْهِ

#### বাংলা

৩/১৫৩৮। কা'ব ইবনে মালেক রাদিয়াল্লাছ্ আনহু হতে বর্ণিত, যা তওবা পরিচ্ছেদে ২২ নম্বরে সুদীর্ঘ হাদিস তাঁর তাওবার কাহিনী অতিবাহিত হয়েছে, তিনি বলেন, তাবূক পৌঁছে যখন নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম লোকদের মাঝে বসে ছিলেন, তখন আমার ব্যাপারে বললেন, "কা'ব বিন মালেকের কি হয়েছে?" বানু সালেমাহ [গোত্রের] একটি লোক বলে উঠল যে, 'হে আল্লাহর রাসূল! তার দুই চাদর এবং দুই পার্শ্ব [বাহু] দর্শন [অর্থাৎ ধন ও তার অহংকার] তাকে আটকে দিয়েছে।' [এ কথা শুনে] মু'আয ইবন জাবাল রাদিয়াল্লাছ্ আনহু বললেন, "তুমি নিকৃষ্ট কথা বললে। আল্লাহর কসম! হে আল্লাহর রাসূল! আমরা তাকে ভালই জানি।" সুতরাং আল্লাহর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম নীরব থাকলেন। (বুখারী, মুসলিম) [1]

# **English**

(255) Chapter: Prohibition of Listening to Backbiting

Ka'b bin Malik (May Allah be pleased with him) said in his long story about



#### his repentance:

The Prophet () was sitting among the people in Tabuk. He () said, "What happened to Ka'b bin Malik?" A person from the tribe of Banu Salamah said: "O Messenger of Allah! the embellishment of his cloak and an appreciation of his sides have allured him, and he was thus detained." Mu'adh bin Jabal (May Allah be pleased with him) said: "Woe be upon you! You have passed indecent remarks. O Messenger of Allah! by Allah, we know nothing about him but good." The Messenger of Allah () remained silent.

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith has already been mentioned in detail in the Chapter on Repentance. Here it is repeated to show how important it is to defend a Muslim when someone accuses him in his absence. In the presence of the Prophet (PBUH) a person expressed misgivings about Ka`b bin Malik that his obsession (for fine dress) had prevented him from coming to the battlefield. Mu`adh immediately defended him saying that there was no justification for such misgivings. The Prophet's silence endorsed the stand taken by Mu`adh (May Allah be pleased with him). This goes to prove that if a Muslim brother or sister is disgraced in his or her absence in a gathering, then it is incumbent on others to defend his or her honour.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৭৫৮, ২৯৮৭- ২৯৫০, ৩০৮৮, ৩৫৫৬, ৩৮৮৯, ৩৯৫১, ৪৪১৮, ৪৬৭৭, ৪৬৭৩, ৪৬৭৬, ৪৬৭৭, ৪৬৭৮, ৬২৫৫, ৬৬৯০, ৭২২৫, মুসলিম ২৭৬৯, তিরমিযী ৩১০২, নাসায়ী ৩৮২৪- ৩৮২৬, আবু দাউদ ২২০২, ৩৩১৭, ৩৩১৯, ৩৩২১, ৪৬০০, আহমাদ ১৫৩৪৩, ১৫৩৪৫, ১৫৩৫৪, ২৬৬২৯, ২৬৬৩৪, ২৬৬৩৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন